

স্নেহ শিবির

সূচনা

- ❖ স্নেহ শিবির হলো কম পুষ্টি সম্পন্ন এবং বাড় কম হওয়া শিশুদের (5 বছরের নীচের মাঝারি দৈহিক ওজনের দিক থেকে এবং অত্যন্ত সামান্য কম ওজনের ছেলেমেয়েরা)-দের যত্নের জন্য সুনির্দিষ্টভাবে পরিকল্পিত কাজকর্ম।
- ❖ এটি 200টি বিশেষ ভারাক্রান্ত জেলার জন্য বিশেষভাবে চিহ্নিত।
- ❖ মূল কাজকর্মের মধ্যে রয়েছে
 - নিবিড় পরামর্শ দান;
 - মা/লালনপালনকারীদের হাতে কলমে প্রশিক্ষণ;
 - তদারকিতে আহ্বানের ব্যবস্থা
- ❖ এই কর্মকান্ড বিশেষভাবে উদ্দিষ্ট সময়ানুগ, পরিণাম ভিত্তিক এবং মেপে ওঠার মতো প্রভাব-সহ ফলাফলমুখী।
- ❖ এটি যে সব জায়গায় অপুষ্টির হার 20%-এর বেশি সেই সব ব্লক/সেক্টর/ক্লাস্টারে অগ্রাধিকারের ভিত্তিতে রূপায়ণ করতে হবে।
- ❖ এই কর্মসূচি 3-4টি অঙ্গনওয়াড়ি কেন্দ্রের একটি ক্লাস্টারে একসঙ্গে রূপায়িত হবে, প্রতিটি কেন্দ্রে নয়।
- ❖ 200 জন অতিরিক্ত অঙ্গনওয়াড়ি কর্মী দেওয়া হবে 200টি অতি ভারাক্রান্ত জেলায় এই শিবির রূপায়ণের জন্যে।



স্নেহ শিবির আয়োজনের জন্য প্রয়োজনীয় আবশ্যিক সামগ্রী



- ❖ ওজন মাপার যন্ত্র - নবজাতক এবং অন্য ছেলেমেয়েদের সকলের জন্য
- ❖ গোষ্ঠী ভিত্তিক সমাবেশমূলক উপকরণ - গোষ্ঠী ভিত্তিক বৃদ্ধির চার্ট, মা ও শিশুর সুরক্ষা কার্ড ইত্যাদি।
- ❖ প্রয়োজন অনুসারে চার্ট পেপার, মার্কার, বৃদ্ধির চার্ট ইত্যাদি।
- ❖ ওজন বৃদ্ধি, প্রয়োজনীয় চিকিৎসার জন্য উপযুক্ত চিকিৎসালয়ে পাঠানো, হাজিরা ইত্যাদি নথিভুক্তির জন্য এন.সি.সি.এস. পঞ্জি।
- ❖ রান্নার বাসন, খাওয়ানোর পাত্র, চামচ ইত্যাদি। (এইসব উপকরণ পাওয়া না গেলে পরিচর্যাকারীদের বাড়ি থেকে আনা যেতে পারে)।
- ❖ জল মজুত রাখার ব্যবস্থা এবং পরিষ্কার ও নিরাপদ পানীয় জলের সংস্থান।
- ❖ নেল-কাটার
- ❖ সাবান ও তোয়ালে
- ❖ ওষুধের কিট
- ❖ ডিসপেন্সে বোর্ড, স্কোর বোর্ড এবং অন্যান্য সরঞ্জাম।

পুষ্টি সংক্রান্ত উপদেশ এবং শিশুর যত্ন সম্পর্কিত কর্মসূচি (এন.সি.সি.এস.)

- ❖ এন.সি.সি.এস. হলো বারো দিনের পুনর্বাসনমূলক কর্মসূচি।
- ❖ এটি কম পুষ্টির সমস্যায় ভোগা ছেলেমেয়েদের মধ্যে বেছে নেওয়া কয়েকজনের মা-দের নিয়ে আয়োজিত হয়।
- ❖ এন.সি.সি.এস.-এর আওতায় কাজকর্ম ও পরিষেবার ক্রম হবে এই রকম :



- ওজন লিপিবদ্ধ করা (শুরুর সময় ওজন ও শেষের সময় ওজন)।
- কৃমি নাশক ব্যবস্থা এবং আয়রন ও ফোলিক অ্যাসিড প্রদান।
- গরম রান্না করা খাবার ওখানেই খাওয়ানোর বাড়তি ব্যবস্থা (300 থেকে 400 কিলো ক্যালরি এবং 18 গ্রাম প্রোটিন যুক্ত আহার)।
- আহার কর্মসূচিতে অংশগ্রহণ করে উপযুক্ত আহার স্বাস্থ্যবিধি এবং স্বাস্থ্য ও সামাজিক তথা মানসিক আচরণ, ইতিবাচক অবস্থা থেকে সরে যাওয়া মায়েদের মধ্যে ইতিবাচক আচরণ, অন্যের সঙ্গে ভাগ করে নেওয়ার পদ্ধতি সম্পর্কে শেখা।
- যত্ন সংক্রান্ত আচরণবিধি সম্পর্কে বোঝানো।
- পুষ্টি সংক্রান্ত বিশেষ ঘটনার পর্যালোচনা এবং পর্যাপ্ত ওজন বৃদ্ধির।
- চিকিৎসা সংক্রান্ত সহায়তা ও প্রয়োজনে অন্যত্র পাঠানো।
 - নিয়ম মাসিক নানা পরিষেবা, টিকাকরণ, ভিটামিন-এ এবং আয়রন ও ফোলিক অ্যাসিড প্রদান।
 - সহায়ক সেবিকা/মেডিক্যাল অফিসার দ্বারা স্বাস্থ্য পরীক্ষা এবং যে কোনও প্রয়োজনীয় চিকিৎসা।
 - চিকিৎসা সংক্রান্ত কোনও জটিলতার ক্ষেত্রে সহায়ক সেবিকা/স্বীকৃত সামাজিক স্বাস্থ্যকর্মী/মেডিক্যাল অফিসার দ্বারা অন্যত্র পাঠানোর পরিষেবা।
- 18 দিনের হোম কেয়ারে পরবর্তী ফলো-আপ।
- কোনও গ্রামে 6-9টি এই ধরনের আসর (মাস), চলার পর এই এন.সি.সি.এস. বছরে 3 মাস হিসেবে চালানো যেতে পারে এটা সুনিশ্চিত করতে যে কোনও বাচ্চাই অত্যন্ত বেশি রকমের কম ওজনের নয়, আর কম ওজনের কোনও নতুন বাচ্চা নেই।

অঙ্গনওয়াড়ি কর্মীর কাজ

- ❖ বিপদসীমার কাজ জেনে রাখা। মাঝারি মাত্রার এবং অত্যন্ত কম ওজনের ছেলেমেয়েদের চিহ্নিত করা।
- ❖ সি.ডি.পি.ও.-কে এ সম্পর্কে জানানো এবং এই সব কম ওজন বিশিষ্ট ছেলেমেয়েদের তালিকা পাঠানো।
- ❖ বাচ্চাদের দেহের ওজন নিতে সি.ডি.পি.ও.-দের সাহায্য করা।
- ❖ পুষ্টিগত উপদেশ ও শিশু যত্ন কর্মসূচি অথবা স্নেহ শিবির ক্যাম্প আয়োজন করা।
- ❖ ছেলেমেয়েদের পাশাপাশি পরিচর্যাকারীদের স্বাগত জানানো এবং সকলের উপস্থিতি লিপিবদ্ধ করা।
- ❖ পরিচর্যাকারীরা যে খাওয়ার আগে ও পরে ছেলেমেয়েদের হাত ধুয়ে দিচ্ছেন সেটা সুনিশ্চিত করা।
- ❖ মা কিংবা পরিচর্যাকারীদের ছেলেমেয়েদের খাবার খাওয়ানোয় সাহায্য করা।
- ❖ অত্যন্ত কম ওজন বিশিষ্ট ছেলেমেয়েদের শারীরিক অবস্থার খতিয়ান-সহ সহায়ক সেবিকা/মেডিক্যাল অফিসারদের কাছে পাঠানো
- ❖ স্বাস্থ্য ও পুষ্টি সংক্রান্ত অধিবেশনে ঐদিনের বিষয়টি নিয়ে আলোচনা করা।
- ❖ স্বাস্থ্যবান ছেলেমেয়েদের মায়েদের খুঁজে নিয়ে তাদের এই ব্যাপারে যুক্ত করা যাতে তারা তাদের নিজেদের অভিজ্ঞতা অন্যদের সঙ্গে ভাগ করে নেন।
- ❖ যেসব মা ও ছেলেমেয়েরা এই শিবিরে যোগ দিয়েছিলেন তাদের ক্ষেত্রে পরবর্তী ব্যবস্থা হিসেবে বাড়িতে বাড়িতে ঘোরা।
- ❖ শিবির সম্পর্কে প্রতিবেদন তৈরি করা।